শীতকালীন অলিম্পিকে নেই রাশিয়া

লুসান, ৬ ডিসেম্বর ঃ গতবছর কানাডার আইন বিশেষজ্ঞ রিচার্ড ম্যাকলারেনের একটা রিপোর্ট তাদের ট্র্যাক অ্যান্ড ফিল্ড বিভাগকেই রিও অলিম্পিক থেকে ছেঁটে ফেলেছিল। যেখানে নিজের রিপোর্টে তিনি ২০১২ সালের লন্ডন অলিম্পিকে রাশিয়ার বিরুদ্ধে ডোপিংয়ের অভিযোগ এনেছিলেন। শুধু লন্ডন গেমস নয়, তার দু-বছর বাদে সোচির শীতকালীন অলিম্পিকেও রাশিয়ান অ্যাথলিটদের ডোপিংয়ের প্রক্রিয়া বজায় ছিল। পাশপাশি সাম্প্রতিককালে অ্যান্টি ডোপিং ব্যবস্থা এড়িয়ে যাওয়ারও অভিযোগ উঠেছিল তাদের বিরুদ্ধে। যার ফলে এবার রাশিয়াকে আসন্ন শীতকালীন অলিম্পিকে নির্বাসিত করল আন্তর্জাতিক অলিম্পিক সংস্থা (আইওএ)। তবে নির্দোষ অ্যাথলিটরা নিরপেক্ষ পতাকায় ৯ থেকে ২৫ ফেব্রুয়ারি পিয়ংইয়ংয়ে শুরু হতে চলা এই টুর্নামেন্টে অংশ নিতে পারবেন। টুর্নামেন্টের ৬৫ দিন আগে নেওয়া এহেন সিদ্ধান্তে আইওসি-র মুণ্ডপাত শুরু করেছে রাশিয়ার অলিম্পিক ফেডারেশন (আরওএফ)।

২০১৪ সালে শীতকালীন অলিম্পিকে রাশিয়া পদক তালিকায় শীর্ষে ছিল। তারপরই তাদের বিরুদ্ধে ডোপিংয়ের অভিযোগ ওঠে। যার ফলেই সুইজারল্যান্ডের প্রাক্তন প্রেসিডেন্ট স্যামুয়েল স্মিডের নেতৃত্বে একটি কমিশন গঠিত হয়। তাঁর পেশ করা রিপোর্টের ভিত্তিতেই আইওসি বুধবার নিজের সিদ্ধান্ত জানিয়েছে। নিজের রিপোর্টে স্মিড বলেছেন, 'রাশিয়া অলিম্পিক ফেডারেশনের নাকের ডগায় অ্যাথলিটরা ডোপ করেছে। এহেন প্রমাণ মিলেছে। সোচিতেও এটা হয়েছিল। রাশিয়ান ডোপিং বিরোধী সংস্থার প্রাক্তন প্রধান গ্রেগরি রদচেনকভের সাক্ষ্যের পাশাপাশি নথি, বৈজ্ঞানিক পরীক্ষা ও একাধিক সাক্ষ্য প্রমাণের ভিত্তিতেই এই সত্য সামনে এসেছে। তবে ডোপ কেলেঙ্কারিতে রাশিয়ান সরকারের কর্তাদের জড়িত থাকার কোনো অকাট্য প্রমাণ পাওয়া যায়নি।' এরপরই ডোপিং নিয়ে সাম্প্রতিককালের মধ্যে সবচেয়ে কড়া সিদ্ধান্তটা নিয়ে ফেলে অলিম্পিকের সর্বোচ্চ নিয়ামক সংস্থা। সাংবাদিক সম্মেলনে আরওএফ-কে একহাত নিয়ে আইওসি প্রেসিডেন্ট থমাস বাখ বলেছেন, 'এই ঘটনা অলিম্পিকের বিশুদ্ধতা ও ঐক্যের উপর চরম আঘাত। তদন্তে রাশিয়ান অ্যাথলিটদের ডোপের প্রমাণ মিলেছে। যার ফলে রাশিয়াকে আগামী শীতকালীন অলিম্পিক থেকে নির্বাসিত করা হয়েছে। তবে সম্পূর্ণভাবে নির্দোষ অ্যাথলিটরা নিরপেক্ষ পতাকায় টুর্নামেন্টে নামতে পারবেন। সেক্ষেত্রে তাঁদের স্বচ্ছতার প্রমাণ দিতে হবে।' পাশাপাশি আরওএফ-এর প্রধান আলেকজান্ডার জুকভকেও বরখাস্ত করা হয়েছে। আজীবন নির্বাসিত হয়েছেন সোচি গেমসের সময় রাশিয়ার ক্রীড়ামন্ত্রকের দায়িত্বে থাকা বর্তমান ডেপুটি প্রাইম মিনিস্টার ভিটালি মুটকো। তিনি আগামী বছরের ফুটবল বিশ্বকাপের আয়োজক কমিটির প্রধানের দায়িত্বে রয়েছেন। ফলে তাঁকে ফিফা দায়িত্বে রাখে কিনা এখন সেটাই দেখার।

প্রাক্তন অলিম্পিয়ান বাখের ঘোষণার পরই রাশিয়া জুড়ে আইওসি-র মুণ্ডপাত শুরু হয়। আইওসি-র সিদ্ধান্তকে পরস্পরবিরোধী আখ্যা দিয়ে জুকভ বলেছেন, 'ডোপমুক্ত খেলোয়াড়দের সব খেলায় অংশগ্রহণের অনুমতি দেওয়ার কথা আইওসির।' রাশিয়ান স্কেটিং ইউনিয়নের প্রধান আলেক্সেই ক্রাভসভের মতে, 'আইওসি-র সিদ্ধান্ত আক্রমণাত্মক, অপমানজনক ও পুরোপুরি অবিচারমূলক। পুরো অলিম্পিকের উপর এই সিদ্ধান্তের বাজে প্রভাব পড়বে।' যদিও আইওসি-র সিদ্ধান্তকে স্বাগত জানানোর সংখ্যাটাও নেহাত কম নয়। ক্রেমলিনের সমালোচক হিসেবে পরিচিত ইউএস সেনেটর জন ম্যাককেইন বলেছেন, 'রাশিয়াকে বাদ দিয়ে আইওসি ডোপ কেলেঙ্কারির ন্যায় বিচার করেছে।' সবচেয়ে বড়ো সার্টিফিকেটটা এসেছে ম্যাকলারেনের তরফ থেকে। আইওসি-র প্রশংসা করে তিনি বলেছেন, 'এই সিদ্ধান্তের ফলে আমার করা তদন্তটাও শেষ হল। আইওসিকে ধন্যবাদ। পাশাপাশি আমাকে তদন্তে যাঁরা সাহায্য করেছিলেন তাঁদেরকেও। অনেকেই জীবনের ঝুঁকি নিয়ে সহযোগিতা করেছিলেন। আজকে তাঁদের পরিশ্রমটা সার্থক হল।'



গোলের আনন্দে শূন্যে লাফ ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের মার্কাস র‍্যাশফোর্ডের।

চ্যাম্পিয়ন্স লিগের ফলাফল

বার্সেলোনা–২	স্পোর্টিং লিসবন–০
বেয়ার্ন মিউনিখ–৩	পিএসজি–১
বাসেল–২	বেনফিকা–০
অ্যান্ডারলেখট–১	সেল্টিক–০
চেলসি–১	অ্যাটলেটিকো মাদ্রিদ–১
ম্যাঞ্চেস্টার ইউনাইটেড–২	সিএসকেএ মস্কোভা–১
জুভেন্তাস–২	অলিম্পিয়াকোস–০
রোমা–১	কারাবাগ–০

পিএসজি–কে থামাল বেয়ার্ন, বিদায় অ্যাটলেটিকোর

শেষ ষোলোয় ম্যান ইউ

লন্ডন, ৬ ডিসেম্বর ঃ প্রিমিয়ার লিগে ম্যাঞ্চেস্টার সিটির সঙ্গে তাদের পয়েন্টের পার্থক্য বেড়ে গিয়ে আটে দাঁড়িয়েছে। ম্যান সিটি ইপিএলে আগামী তিনটি ম্যাচ হেরে যাবে এবং তারা জয়ের হ্যাটট্রিক করে সিটিজেন্সদের টপকে শীর্ষ স্থানে চলে আসবে– এহেন জটিল সমীকরণ ওল্ড ট্র্যাফোর্ডের ঘাসগুলিও হয়তো বিশ্বাস করতে চাইবে না। ঘরোয়া লিগের পরিস্থিতি যাই হোক, চ্যাম্পিয়ন্স লিগে নিজেদের শেষ ম্যাচে সিএসকেএ মস্কোকে ২–১ গোলে হারিয়ে শেষ চারে জায়গা করে নিল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। অন্যদিকে, ইউরোপ সেরার আসরে প্যারিস সাঁ জাঁ–র অপরাজিত দৌড় থামাল বেয়ার্ন মিউনিখ। মঙ্গলবার রাতে তারা ৩–১ গোলে ফরাসি ক্লাবটির বিরুদ্ধে জয় পায়। অন্যান্য হেভিওয়েটদের মধ্যে শেষ ষোলোতে জায়গা পাকা করেছে জুভেন্তাস, চেলসি, রোমা। তবে কপাল পুড়েছে অ্যাটলেটিকো মাদ্রিদের। চেলসির সঙ্গে ড্র করে সি গ্রুপ থেকে তৃতীয় হওয়ায় চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোয় খেলা হচ্ছে না দিয়েগো সিমওনের ছেলেদের।

প্রিমিয়ার লিগে শনিবার শতাব্দীপ্রাচীন ক্লাবটির ডিফেন্সের কঙ্কালসার চেহারাটা তুলে ধরেছিলেন অ্যালেকজান্ডার ল্যাকাজেত্তে, অ্যালেক্সিস স্যাঞ্চেজরা। গোলপোস্টের নীচে ডেভিড দে গিয়া নামের এক দেয়াল না থাকলে এমিরেটস স্টেডিয়াম থেকে রেড ডেভিলসদের তিন পয়েন্ট নিয়ে ফেরাটা চাঁদে জলের সন্ধান পাওয়ার মতোই হত। মঙ্গলবার রাতেও ওল্ড ট্র্যাফোর্ডে অখ্যাত মস্কোভার বিরুদ্ধে প্রথমার্ধের একেবারে শেষলগ্নে পিছিয়ে পড়ে সমর্থকদের রক্তচাপ বাড়িয়ে দিয়েছিল ম্যান ইউ। মোরিনহো ব্রিগেডের নড়বড়ে ডিফেন্সের সুযোগ নিয়ে গোল করেন ভিটিনহো। বিরতির পর অবশ্য দুই উইং থেকে টানা আক্রমণ শানিয়ে খেলায় ফেরার চেষ্টা করে ম্যান ইউ। ৬৪ মিনিটে রোমেলু লুকাকুর গোল সেটারই প্রমাণ। পল পোগবার পাস জালে রাখতে ভুল করেননি বেলজিয়ান স্ট্রাইকার। মিনিট দুয়েক বাদে স্কোরলাইন ২–০ করে ফেলে ম্যান ইউ। জুয়ান মাতার পাস থেকে দর্শনীয় গোল করেন ইংরেজ তারকা মার্কাস র‍্যাশফোর্ড। প্রি কোয়ার্টার নিশ্চিত হলেও নকআউটে ডিফেন্সের এহেন অবস্থা ম্যান ইউকে ভোগালে অবাক হওয়ার থাকবে না।

গ্রুপ 'বি' থেকে প্রতিশোধ নিয়েই শেষ ষোলোয় পা রাখল বেয়ার্ন। দু-মাস আগে ঘরের মাঠে তাদের ৩–০ গোলে উড়িয়ে দিয়েছিল উনাই এমরির ছেলেরা। যার জেরে চাকরি খোয়াতে হয় কার্লো অ্যান্সেলোত্তিকে। মঙ্গলবার অ্যালিয়াঞ্জ এরিনায় সেই বদলা নেওয়ার পাশাপাশি চ্যাম্পিয়ন্স লিগে পিএসজির দৌড় থামাল বাভারিয়ান জায়ান্টসরা। এদিন ৮ মিনিটে পিএসজির গোটা ডিফেন্সকে দাঁড় করিয়ে দলকে লিড এনে দেন পোল্যান্ডের তারকা রবার্ট লেওয়ানডস্কি। থিয়াগো সিলভারা তাঁকে অফসাইড ট্র্যাপে ফেলার চেষ্টা করলেও সেটা কাজে আসেনি। শুরুতে এগিয়ে যাওয়ায় আক্রমণের ঝাঁঝ বাড়ায় জাপ হেইকেঞ্জের ছেলেরা। তবে ৩৪ মিনিটে সমতা ফেরানোর দুর্দান্ত সুযোগ পেয়েছিল পিএসজি। কিন্তু নেইমারের শট আটকে দেন বেয়ার্ন গোলরক্ষক সভেন উলরেইচ। তবে ৩ মিনিট বাদেই লিড ডবল করে নেয় বেয়ার্ন। গোটা ম্যাচে দুর্দান্ত খেলা হামেস রডরিগেজের ক্রস থেকে গোল করেন ক্রিশ্চিয়ান টোলিসো। প্রথমার্ধে স্কোরলাইনে আর কোনো পরিবর্তন না হলেও ৫০ মিনিটে কিলিয়ান এমবাপের গোল পিএসজি-কে খেলায় ফিরিয়ে আনে। এরপর ফ্রান্সের দলটি আক্রমণের চাপ বাড়ায়। ৫৫ মিনিটে এমবাপে আবারও স্কোরশিটে নাম তোলার সুযোগ পেয়েছিলেন। ৫ মিনিট বাদে জুলিয়ান ড্রাক্সলার গোল করতে ব্যর্থ হন। উলটে ৬৯ মিনিটে টোলিসোর দ্বিতীয় গোল ফ্রান্সের ক্লাবটির জয়ের আশায় জল ঢেলে দেয়। তাতে অবশ্য পিএসজির শেষ ষোলোয় যাওয়া আটকায়নি।



অ্যালিয়াঞ্জ এরিনা থেকে মাথা নীচু করেই ফিরতে হচ্ছে নেইমারদের।

অন্যদিকে, চ্যাম্পিয়ন্স লিগের প্রি কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করলেও শেষ ম্যাচে অ্যাটলেটিকো মাদ্রিদের বিরুদ্ধে ১–১ গোলে ড্র করে 'সি' গ্রুপের শীর্ষে থাকতে পারল না চেলসি। অ্যাওয়ে ম্যাচে এদিন ৫৬ মিনিটে অ্যাটলেটিকোকে এগিয়ে দিয়েছিলেন স্প্যানিশ ডিফেন্ডার সাউল নিগুয়েজ। কিন্তু ৭৫ মিনিটে স্টেফান স্যাভিচের আত্মঘাতী গোলটাই রোজা ব্লাঙ্কোসদের এবারের মতো চ্যাম্পিয়ন্স লিগের আশা শেষ করে দেয়। কিন্তু গ্রুপের অন্য ম্যাচে কারাবাগের বিরুদ্ধে রোমা ১–০ গোলে জিতে যাওয়ায় দ্বিতীয় স্থানে শেষ করে ব্লুজরা। গ্রুপ টপার হতে পারলে নকআউটে তুলনামূলক সহজ প্রতিপক্ষ পেত চেলসি। দ্বিতীয় হওয়ায় প্রি-কোয়ার্টারে চেলসির সামনে পড়তে পারে বার্সেলোনা, পিএসজি, বেসিকতলার মতো শক্তিশালী দল। কিন্তু শেষ ষোলো নিশ্চিত করে সেসব নিয়ে ভাবছেন না চেলসির কোচ অ্যান্তোনিও কন্তে। এপ্রসঙ্গে তিনি বলেছেন, 'নকআউটে ওঠার পর প্রতিপক্ষ নিয়ে ভাবলে চলে না। পিএসজি, বার্সা, বেসিকতাস– যেকোনো প্রতিপক্ষের বিরুদ্ধে খেলতে হতে পারে। ফলে আমাদের যেকোনো চ্যালেঞ্জের জন্য তৈরি থাকতে হবে।' চ্যাম্পিয়ন্স লিগে জঘন্য পারফরম্যান্সের জন্য ছয় বছর বাদে ইউরোপা লিগে খেলতে হবে অ্যাটলেটিকোকে। এপ্রসঙ্গে তাদের কোচ দিয়েগো সিমিওনে বলেছেন, 'চ্যাম্পিয়ন্স লিগ থেকে এভাবে ছিটকে যেতে চাইনি। কিন্তু হারটাও খেলার অঙ্গ। ইউরোপা লিগ আমাদের জন্য নতুন চ্যালেঞ্জ হতে চলেছে। ফলে আমাদের পজিটিভ থাকতে হবে।'

এদিকে, চ্যাম্পিয়ন্স লিগে টানা দুটি ড্রয়ের পর জয়ের মুখ দেখল আগেই নকআউট নিশ্চিত করা বার্সা। মঙ্গলবার ঘরের মাঠে তারা ২–০ গোলে স্পোর্টিং লিসবনকে হারিয়েছে। প্রথমার্ধে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পুরোনো ক্লাব বার্সাকে আটকে রাখলেও ৫৯ মিনিটে কাতালান ক্লাবটিকে এগিয়ে দেন পাকো আলকাসার। আপফ্রন্টে লিওনেল মেসি না থাকায় এদিন অধিকাংশ ক্ষেত্রেই আক্রমণ দানা বাঁধেনি বার্সার। শেষপর্যন্ত অতিরিক্ত সময়ে জেরেমি ম্যাথিউয়ের গোল বার্সার জয় নিশ্চিত করে। গ্রুপ 'ডি'-র অন্য ম্যাচে জুভেন্তাস একই ব্যবধানে অলিম্পিয়াকোসকে হারিয়ে প্রি কোয়ার্টারে জায়গা পাকা করেছে। অ্যাওয়ে ম্যাচে ১৫ মিনিটে জুয়ান কুয়াদ্রাদো তুরিনের ক্লাবটিকে এগিয়ে দেওয়ার পর ৮৯ মিনিটে অলিম্পিয়াকোসের কফিনে শেষ পেরেক পুঁতে দেন ফেডেরিকো বেরনারডেসচি।

দিন বদলের পালা দেখছে কাশ্মীর

পাথর–ছোড়া তরুণীই এখন ফুটবল অধিনায়ক

শ্রীনগর, ৬ ডিসেম্বর ঃ সোশ্যাল নেটওয়ার্কে ভাইরাল হয়ে যাওয়া একটি ছবিই আফশান আশিকের জীবন পালটে দিয়েছে। তিনি এখন কাশ্মীরের মহিলা ফুটবল দলের গোলরক্ষক কাম অধিনায়ক। খেলেন মুম্বইয়ের একটি ফুটবল ক্লাবে।

আফশানকে কিছুদিন আগেও শ্রীনগরের রাস্তায় বিক্ষুব্ধ তরুণ-তরুণীদের সামনের সারিতে দেখা যেত। দলবেঁধে পাথর ছুড়তেন নিরাপত্তাবাহিনীকে নিশানা করে। পাথর ছোড়া অবস্থায় তাঁর একটি ছবি প্রকাশিত হয়েছিল। ছবির নীচে ক্যাপশন ছিল, 'খেলার সুযোগ নেই। ক্ষোভ জানাতে রাস্তায় প্রতিভাবান ফুটবলার' জাতীয় কিছু একটা। এই ছবিটিই নজরে পড়ে যায় পুলিশ, প্রশাসনের। নড়েচড়ে বসেন কেন্দ্র ও রাজ্যের কর্তাব্যক্তিরা।

কিছুদিনের মধ্যেই আফশানকে রাজ্যের মহিলা ফুটবল দলের দায়িত্ব দেওয়া হল। সুযোগ এল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিংয়ের সঙ্গে কথা বলার। রাজনাথকে যাবতীয় অভাব-অভিযোগের কথা জানালেন আফশান। বললেন, রাজ্যে বহু প্রতিভা রয়েছে। কিন্তু খেলাধুলোর সুযোগ নেই। নেই পরিকাঠামো, নেই উৎসাহ। আফশান, দলের কোচ সৎপাল সিং কালা, ম্যানেজার শেরিং আংমো সহ দলের অন্য সদস্যদের সঙ্গে কথা বলতে বলতেই রাজনাথ সিং ফোন করলেন জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী মেহবুবা মুফতিকে। বললেন, আফশানরা শ্রীনগরে ফিরলে মুখ্যমন্ত্রী যেন তাঁদের সঙ্গে কথা বলেন এবং রাজ্যের ফুটবল ও অন্যান্য খেলাধুলোর উন্নতির জন্য যা করার যেন করেন। কেন্দ্র আর্থিক ও অন্যান্য সবরকম সাহায্য করবে। মেহবুবার সঙ্গে কথা বলার পর ২৩ বছরের তরুণী জানিয়ে দিলেন, রাজ্যে স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার স্বাধীন শাখা তৈরি হবে উপত্যকায়। এই সংস্থার কাজই হবে রাজ্যের সমস্ত ক্রীড়া প্রতিভাকে এক ছাতার তলায় এনে প্রশিক্ষণ দেওয়া।

এক প্রশ্নের জবাবে আফশান বললেন, 'একজন কেন্দ্রীয় মন্ত্রী যেভাবে আমাদের সময় দিয়েছেন, যেভাবে ধৈর্যের সঙ্গে আমাদের কথা শুনেছেন এবং সাহায্য করে যাচ্ছেন, তাতে আমরা অভিভূত বললেও কম বলা হয়। আমরা এর মর্যাদা দেওয়ার চেষ্টা করব।'

এবার কী লক্ষ্য? আফশান বললেন, মুম্বইয়ের একটা ফুটবল ক্লাবের সঙ্গে খেলার ব্যাপারে কথা হয়েছে। পেশাদার ফুটবলার হওয়াই লক্ষ্য আমার। স্বপ্ন দেখি দেশের প্রতিনিধিত্ব করার। এর সঙ্গে কাশ্মীরের মেয়েরা যাতে ফুটবল খেলতে আগ্রহী হয়, তার জন্য চেষ্টা চালিয়ে যাব।'

পাথর ছুড়তে গিয়ে আফশান সবার নজরে আসেন। পাথর ছোড়া নিয়ে কোনো অনুশোচনা হয়? প্রশ্ন শুনেই উত্তেজিত তেইশের তরুণী। বললেন, 'দেখুন, পিছনে ফিরে তাকাতে চাই না। পাথর ছোড়াটা একটা ঘটনা মাত্র। সে দিন পুলিশবাহিনী যদি ছোটো ছোটো মেয়েদের অকথ্য গালিগালাজ না করত, অমনভাবে চড়থাপ্পড় না মারত, তা হলে হয়তো কোনোদিনই পাথর ছুড়তাম না।' তারপর একটু থেমে স্বগতোক্তির ঢংয়ে যোগ করলেন, 'এখন আমার একটা নাম হয়েছে। কাঁধে দায়িত্ব চেপেছে। এখন আমাকে অনেক কিছু ভেবে কাজ করতে হবে। এমন কিছু করব, যাতে রাজ্যের, দেশের মর্যাদা বাড়ে।'

পাথর হাতে কাশ্মীরের রাস্তায় কাশ্মীরের বর্তমান ফুটবল অধিনায়ক। –ফাইলচিত্র

পিছনে ফিরে তাকাতে চাই না। পাথর ছোড়াটা একটা ঘটনা মাত্র। সে দিন পুলিশ বাহিনী যদি ছোটো ছোটো মেয়েদের অকথ্য গালিগালাজ না করত, অমনভাবে চড়থাপ্পড় না মারত, তা হলে হয়তো কোনোদিনই পাথর ছুড়তাম না।

–আফশান আশিক

ব্যালন ডি'ওর ঘোষণার আগেই চর্চায় রোনাল্ডোর বুট

প্যারিস, ৬ ডিসেম্বর ঃ দীর্ঘ প্রতীক্ষার অবসান। মধ্যরাতে ঘোষণা হতে চলেছে ব্যালন ডি'ওর-এর প্রাপকের নাম। সেরা তালিকায় নেইমার, বুঁফো থাকলেও সবার নজর দুটো নামের দিকেই। একজন বিশ্ব ফুটবলের অন্যতম সেরা ফুটবলার লিওনেল মেসি অন্যজন তার সবচেয়ে বড়ো প্রতিদ্বন্দ্বী পোর্তুগিজ তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। কার হাতে উঠবে এবারের ব্যালন ডি'ওর খেতাব? মেসি না রোনাল্ডো। বর্তমান ফর্ম মেসির পক্ষে কথা বললেও আগের মরশুমে দুরন্ত সাফল্য ফেভারিট হিসেবে এগিয়ে রাখবে সিআরসেভেনকে। ব্যালন ডি'ওর-এর সম্ভাব্য জয়ীর নাম ঘোষণার আগে জল্পনায় নতুন মাত্রা যোগ করেছে রোনাল্ডোর বুট প্রস্তুতকারী সংস্থা। রোনাল্ডোর জন্য ইতিমধ্যেই নতুন বুট জোড়া তৈরি করে ফেলেছে তারা। সেই বুটে ২০১৭-র ব্যালন ডি'ওর বিজয়ী হিসেবে পোর্তুগিজ ভাষায় রোনাল্ডোর নাম লেখা রয়েছে।

২০১৬ সালটি ফুটবলের দিক থেকে এককথায় রোনাল্ডোর বছর। চ্যাম্পিয়ন্স লিগ থেকে স্প্যানিশ লা লিগা এমনকি দেশের জার্সিতে ইউরো কাপ- জয় সবই জিতেছেন রিয়াল মাদ্রিদ তারকা। চ্যাম্পিয়ন্স লিগেও সর্বোচ্চ গোলদাতা হয়েছেন তিনি। তাই এবারের ব্যালন ডি'ওর জয়ী হিসেবে স্বাভাবিকভাবেই এগিয়ে তিনি। গত মরশুম নিয়ে নিজেও উচ্ছ্বসিত রোনাল্ডো। তিনি বলেন, 'গত মরশুমটা আমার দুর্দান্ত কেটেছে। টপ স্কোরার হওয়ার পাশাপাশি দেশ এবং ক্লাবের জার্সিতে সফল আমি। এই সাফল্যের ধারা সামনের মরশুমগুলোতেও বজায় রাখতে চাই আমি। তাই পাঁচবার নয়, সাতবার ব্যালন ডি'ওর জিততে চাই আমি। কারণ এটা আমার প্রিয় নম্বর।'

রোনাল্ডো ছাড়াও রিয়ালের র‍্যামোস, ক্রুজ, মার্সেলোদের নাম আছে ব্যালন ডি'ওর তালিকায়। কিন্তু সতীর্থরা নন, সিআরসেভেনের প্রতিদ্বন্দ্বী হিসেবে যে নাম নিয়ে আলোচনা তুঙ্গে সেই নামটি হল আর্জেন্টিনার লিও মেসি। গত মরশুমে নিজের পারফরম্যান্স দিয়ে সমর্থক-সমালোচকদের নজর কাড়লেও দলকে তেমন সাফল্য এনে দিতে পারেননি এলএমটেন। সাফল্য বলতে বার্সা জার্সিতে কোপা দেল রে জয়। তবে এই মরশুমটা দুরন্ত শুরু করেছেন তিনি। ইতিমধ্যেই ১৩টি গোল হয়ে গিয়েছে তাঁর। কিছুদিন আগেই তাঁকে নিজের প্রজন্মের মারাদোনা বলেছিলেন জুভেন্তাস তারকা পাওলো ডিবালা। তবে পুরস্কার পান আর না পান বিশ্ব ফুটবলের আঙিনায় তিনিই যে সেরা ফুটবল আইকন সেটা স্পষ্ট জানাচ্ছেন বার্সেলোনা কোচ আর্নেস্তো ভালভার্দে। এখন দেখার সমর্থক এবং সাংবাদিকদের বিচারে ষষ্ঠবার ব্যালন ডি'ওর মেসির হাতে ওঠে নাকি পঞ্চমবার ব্যালন ডি'ওর জিতে নিজের প্রতিদ্বন্দ্বীকে স্পর্শ করেন 'দ্য বেস্ট' জয়ী রোনাল্ডো।

অনুষ্ঠান নানা চ্যানেলে


আরবের সবচেয়ে বড়ো কেল্লা নিজওয়া ফোর্টের বিশাল টাওয়ার এবং গোপন সুড়ঙ্গ পথ দেখুন **ল্যান্ডমার্কস** তথ্যচিত্রে সন্ধে ৭টায় **ট্র্যাভেল এক্সপি** চ্যানেলে

বৃহস্পতির রহস্যময় দিকগুলি নিয়ে পর্যালোচনায় নাসার বিজ্ঞানীরা। **জুপিটার : দ্য সান'স সিক্রেট টুইন** সন্ধে ৭টায় **ডিসকভারি সায়েন্সে**

বিশ্বের বিভিন্ন দেশের পর্যটনকেন্দ্র এবং তাদের খাবারদাবার ও সংস্কৃতির সঙ্গে পরিচিত হতে দেখুন **ইট অ্যারাউন্ড দ্য ওয়ার্ল্ড** রাত ৮টায় টিএলসিতে

খেলা

স্টার স্পোর্টস ওয়ান হিন্দি/ তামিল/ স্টার স্পোর্টস টু/ স্টার জলসা মুভিজ ঃ সন্ধে ৭.৫০ ইন্ডিয়ান সুপার লিগ, এটিকে বনাম চেন্নাইয়ান। **সোনি ইএসপিএন/এইচডি ঃ উয়েফা ইউরোপা লিগ ঃ** রাত ১১.৩০ জ্লিন বনাম লোকোমোটিভ মস্কোভা। রাত ১.৩০ জুল্টে ওয়েরগেম বনাম লাজিও। **উয়েফা ইউরোপা লিগ ঃ সোনি টেন ওয়ান/ এইচডি ঃ** রাত ১.৩০ জোরয়া বনাম অ্যাথলেটিক। **সোনি টেন টু ঃ** রাত ১১.৩০ অ্যাপোলন বনাম এভারটন। রাত ১.৩০ আর্সেনাল বনাম বেট। **সোনি টেন থ্রি ঃ** রাত ১১.৩০ আটলান্টা বনাম লিয়ঁ। রাত ১.৩০ রিয়াল সোসিদাদ বনাম এফসি জেনিট।

ম্যাচগুলি দেখুন সরাসরি

ডিডি বাংলা ঃ দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ আজকের রান্না, বিকেল ৩.০০ যুক্তি তক্কো, ৪.০০ কেরিয়ার প্লাস, ৫.০৫ ছায়াছবির গান, ৫.৩০ কৃষি দর্শন, সন্ধে ৬.০০ ক্যামেরা চলছে, ৭.৩০ মুশকিল আসান, রাত ৯.০৫ কথায় কথায়, ১০.০০ সংবাদ প্রবাহ

পৃথিবীর বিভিন্ন দেশের সবচেয়ে বিপজ্জনক জায়গা এবং সেখানকার বিষধর প্রাণীদের সম্পর্কে নানা অজানা তথ্য জানাচ্ছেন বিশিষ্ট জীববিজ্ঞানী ফ্র্যাঙ্ক কুয়েস্তা। দেখুন **ওয়াইল্ড ফ্র্যাঙ্ক** রাত ৮টায় **ডিসকভারি** চ্যানেলে

চন্দ্রিমা, সত্যজিৎ, অর্পিতা, পিয়ালি, ইন্দ্রনীল, স্পন্দন প্রমুখ শিল্পীর কণ্ঠে গান শুনুন **আড্ডাবাজ** অনুষ্ঠানে রাত সাড়ে ৯টায় **আকাশ আটে**

অনজানা অনজানি বিকেল ৪.১০ মিনিটে **স্টার গোল্ড সিলেক্ট এইচডিতে**

ডিডি বাংলা ঃ বেলা ১১.০৫ দামু
আকাশ আট ঃ দুপুর ১.৩০ মাটি ও মানুষ
জলসা মুভিজ ঃ বেলা ১১.০০ প্রলয়, দুপুর ১.৪০ বন্ধন, বিকেল ৪.৫০ রকি, রাত ১০.০০ রোমিও
জি বাংলা সিনেমা ঃ সকাল ১০.০০ মনের মতো মন, দুপুর ১২.০০ মন ময়ূরী, ২.৫৫ সৎ মা, সন্ধে ৬.২০ অঞ্জলি, রাত ৯.০০ বিধির বিধান
সেট ম্যাক্স ঃ সকাল ১০.৫৩ কাশমোরা, দুপুর ২.০৬ বাগবান, সন্ধে ৬.০৬ রাউডি হিরো-টু, রাত ৮.৫৫ সন অফ সত্যমূর্তি, ১১.৫৪ লেজেন্ড অফ দ্য টেরর
ইউটিভি মুভিজ ঃ বেলা ১১.৪০ মাই বস বজরঙ্গবলী, দুপুর ২.১৫ নজরানা, বিকেল ৫.২৫ দিওয়ানা মস্তানা, রাত ৮.১৫ কিস কিসকো পেয়ার করুঁ, ১১.১০ রঙ্গা